



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd
E-mail:iresppwad@gmail.com

ফোনঃ
০২-৮১৮০১৪৪
ফ্যাক্সঃ
০২-৮১৮৯০২৯

নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৩.১৩-১২৩৩


তারিখঃ ০১/১২/২০১৩ খ্রি:।

বিষয় : বাংলালিংক কর্পোরেট সীম ব্যবহার।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পে (IRESPPW)” নিয়োজিত সকল কর্মকর্তা-কর্মচারীকে বাংলালিংক কোং লি: কর্পোরেট সেবা হিসাবে অত্র প্রকল্পের কর্মকাণ্ডে সম্পৃক্ত সকলকে কম রেটে কথা বলার সুযোগ সম্বলিত মোবাইল সীম বিনামূল্যে সরবরাহ করার আহ্বান প্রকাশ করেছেন, যা প্রকল্পের সার্বিক মনিটরিং সহজ ও গতিশীল করবে। প্রকল্পের সার্বিক কার্যক্রমকে গতিশীল করার এ উদ্যোগ সংস্থার প্রধান মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে অত্র সীম ব্যবহারের জন্য অনুরোধ করা হলো।

২। প্রকল্পের সার্বিক মনিটরিং কার্যক্রমের সহায়ক হিসাবে প্রকল্পের আওতায় নিয়োগপ্রাপ্ত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও মাঠ সংগঠকদের জন্য উপজেলাসমূহের বিপরীতে প্রদত্ত এ সীম ব্যবহার বাধ্যতামূলক এবং কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বদলীজনিত অথবা চাকুরি হতে অব্যাহতি প্রদান করা হলে অবশ্যই উক্ত উপজেলার বিপরীতে প্রদত্ত সীমটি উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের নিকট প্রদান করতে হবে, যা পরবর্তীতে নতুন পদায়নকৃতদের মাঝে বিতরণ করতে হবে। উল্লেখ্য যে, এ সীম ব্যবহার বাবদ প্রকল্প হতে বিল পরিশোধের কোন সুযোগ নেই।

৩। প্রকল্পের সদর দপ্তর হতে প্রেরিত সকল মোবাইল সীম সংযুক্ত মাষ্টাররোল মোতাবেক স্বাক্ষর প্রদানপূর্বক বিতরণ করে তা সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।


(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (IRESPPW)
বাপউবো, ঢাকা।

বিতরণঃ

- ১। উপ পরিচালক, বাপউবো,-----জেলা।
- ২। ইউআরডিও, -----উপজেলা,-----জেলা।
- ৩। এআরডিও(IRESPPW), -----উপজেলা,-----জেলা।
- ৪। মাঠ সংগঠক(IRESPPW), -----উপজেলা,-----জেলা।
- ৫। অফিস নথি।